



# সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন

## SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH


সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/৫০৮

তারিখঃ ২৬/০৯/২০১২ইং

### প্রেস বিজ্ঞপ্তি

৪৪৬ তম কমিশন সভা অদ্য ২৬/০৯/২০১২ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

1. Global Heavy Chemicals Limited এর ১০ টাকা মূল্যমানের ১.২ কোটি সাধারণ শেয়ার প্রতিটি শেয়ার ১০ টাকা প্রিমিয়ামসহ ২০ টাকায় ইস্যু করার (Fixed Price Method) অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানীটি ২৪ কোটি টাকা পুঁজি উত্তোলন করবে। ২০১১ সনের নিরীক্ষিত হিসাব অনুযায়ী Global Heavy Chemicals Limited এর শেয়ার প্রতি আয় ৩.৭১ টাকা। উল্লেখ্য, Global Heavy Chemicals Limited এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে BMSL Investment Limited এবং AFC Capital Limited।
2. আন্ডার রাইটিং সংক্রান্ত সিকিউরিটিজ আইন সময়মত পরিপালনে ব্যর্থতার জন্য কমিশন আজকের সভায় Swadesh Investment Management Limited (Issuer) কে সতর্ক পত্র (warning) প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। Saiham Textile Mills Ltd. এর রাইট শেয়ার ইস্যুর আন্ডার রাইটিং অংশের বিপরীতে সাবস্ক্রিপশনের অর্থ বিলম্বে পরিশোধ করার জন্য কমিশন আজকের সভায় Swadesh Investment Management Limited এর বিরুদ্ধে এই সিদ্ধান্ত নিয়েছে।
3. স্টক এক্সচেঞ্জ সমূহ কর্তৃক Demutualization প্রক্রিয়া বাস্তবায়নের লক্ষ্যে সংসদ কর্তৃক আইন প্রণয়নের সুবিধার্থে কমিশন আজকের সভায় খসড়া Demutualization Act টি অনুমোদন করে এবং যা পরবর্তী পদক্ষেপের জন্য মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এই খসড়া Demutualization Act এ অন্যান্যের মধ্যে উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হচ্ছেঃ
  - এই আইন পাস হলে স্টক এক্সচেঞ্জের ব্যবস্থাপনা থেকে মালিকানা পৃথক হবে;
  - Demutualization এর পরে স্টক এক্সচেঞ্জের সংখ্যাগরিষ্ঠ পরিচালক Independent ক্যাটাগরী থেকে নির্বাচিত হবে;
  - স্টক এক্সচেঞ্জ ভবিষ্যতে প্রাথমিক গণ প্রস্তাবের (IPO) মাধ্যমে পুঁজিবাজার থেকে পুঁজি উত্তোলন করতে পারবে;
  - এছাড়াও স্টক এক্সচেঞ্জ strategic বিনিয়োগকারীদের নিকট শেয়ার বিক্রি করতে পারবে;
  - এই আইন পাস হওয়ার পর ৯০ দিনের মধ্যে স্টক এক্সচেঞ্জসমূহ তাদের প্রস্তাবিত Demutualization Scheme প্রয়োজনীয় কাগজপত্রসহ এসইসি-তে জমা দিবে এবং এসইসি পরবর্তী ৬০ দিনের মধ্যে তা অনুমোদন করবে।
4. সভায় Fiber @ Homes Limited কে ২.০৫ লক্ষ টি সাধারণ শেয়ার (প্রতিটি ১০ টাকা মূল্যমানের) ইস্যুর মাধ্যমে ২০.৫০ কোটি টাকা মূলধন উত্তোলনের (Capital Raising) অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানীটির পরিশোধিত মূলধন ৪৪ কোটি টাকা থেকে ৬৪.৫০ কোটি টাকায় উন্নীত হবে।
5. সভায় Infrastructure Development Company Limited কে ৩৩ লক্ষ টি সাধারণ শেয়ার (প্রতিটি ১০০ টাকা মূল্যমানের) ইস্যুর মাধ্যমে ৩৩ কোটি টাকা মূলধন উত্তোলনের (Capital Raising) অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানীটির পরিশোধিত মূলধন ৮৭ কোটি টাকা থেকে ১২০ কোটি টাকায় উন্নীত হবে।
6. সভায় National Feed Mill Limited কে বর্তমান (existing) শেয়ার হোল্ডারদের জন্য ২০% স্টক ডিভিডেন্ট অর্থাৎ ৫০ লক্ষ টি সাধারণ শেয়ার (প্রতিটি ১০ টাকা মূল্যমানের) ইস্যুর মাধ্যমে ৫ কোটি টাকা এবং অন্যান্যদের (other than existing shareholders) জন্য ১ কোটি টি সাধারণ শেয়ার (প্রতিটি ১০ টাকা মূল্যমানের) নগদে (in cash consideration) ইস্যুর মাধ্যমে ১০ কোটি টাকা মূলধন উত্তোলনের (Capital Raising) অনুমোদন দেয়া হয়েছে।

  
২৬/০৯/২০১২  
মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র